352

দৈনিক ইত্তেফাক

তারিখ 31 OCT 1993
পৃষ্ঠা ৫ কলাম ৩

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট

কুষ্টিয়া, ৩০শে অক্টোবর ।। ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিবিরের ৩ জন ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহার ও তদন্ত রিপোর্ট বাতিলসহ কতিপয় কর্মকর্তার অপসারণের দাবীতে ইসলামী বিশ্ববিদ্যালয়ে দুইদিনব্যাপী ছাত্র ধর্মঘট পালনের গতকাল শনিবার প্রথম দিন শান্তিপূর্ণভাবে অতিবাহিত হয়। উল্লেখ্য যে, ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টি এবং শিক্ষককে লাঞ্ছিত করিবার অভিযোগে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৩জন ছাত্র শিবিরের কর্মীকে বহিষ্কার করে। ছাত্র শিবির বিশ্ববিদ্যালয় শাখা এই ঘটনার প্রতিবাদ জানাইয়া ধর্মঘটের ডাক দিয়াছে।